গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
বানারীপাড়া, বরিশাল।
Email: ddmbanaripara@gmail.com

স্মারক নং- ৫১.০১.০৬১০.০০০.৪১.০০১.২২- ১৩৮ তারিখঃ ১১/০৫/২০২৩খ্রিঃ।

# নোটিশ

এতদ্বারা সংশিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বঙ্গোবসাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় **'মোখা'** এর সম্ভাব্য ক্ষতি এবং দুর্যোগ মোকাবেলায় অত্র কার্যালয়ের এাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা শাখাকে " কন্ট্রোল রুম" হিসেবে ঘোষনা করা হয়েছে।

সার্বক্ষণিক যোগযোগের জন্য উপজেলা প্রকল্প বাস্তাবায়ন কর্মকর্তা জনাব মোঃ মহসিন-উল-হাসন, মোবাইল নং-০১৭১৬৭৮৭১৭৫ এ যোগযোগ করার জন্য অনুরোধ করা হলো। সকলকে নিজ অবস্থান থেকে সজাগ দৃষ্টি রেখে দূর্যোগ মোকাবেলা করার জন্য অনুরোধ করা হলো।

জরুরী প্রয়োজনে যোগযোগের জন্যঃ

| ক্রঃ নং | নামও পদবী | মোবাইল নম্বর |
|---|---|---|
| ০১ | জনাব ফাতিমা আজরিন তন্বী ,উপজেলা নির্বহী অফিসার, বানারীপাড়া। | ০১৩১৮-২৫৬৩৩৩ |
| ০২ | জনাব মোঃ মহসিন-উল-হাসান ,উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বানারীপাড়া। | ০১৭১৬-৭৮৭১৭৫ |

১১.০৫.২৩
(ফাতিমা আজরিন তন্বী)
উপজেলা নির্বাহী অফিসার
বানারীপাড়া, বরিশাল।

জেলা প্রশাসক
বরিশাল।

স্মারক নং- ৫১.০১.০৬১০.০০০.৪১.০০১.২২- ১৩৮ তারিখঃ ১১/০৫/২০২৩খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি জন্য ঃ

১। মাননীয় সংসদ সদস্য,বরিশাল -০২।
২। জেলা প্রশাসক, বরিশাল।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ ,বানারীপাড়া,বরিশাল।
৪। জেলা ত্রাণ ও পুনবাসন কর্মকর্তা, বরিশাল।

১১.০৫.২৩
উপজেলা নির্বাহী অফিসার
বানারীপাড়া, বরিশাল।



CamScanner

বানারীপড়া উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি সভার কার্যবিবরণী।

তারিখ ঃ ১১/০৫/২০২৩ খ্রিঃ।
সময় ঃ- বিকেল ৩.৩০ ঘটিকা।
স্থান ঃ- উপজেলা নির্বাহী অফিসার এর অফিস কক্ষ।

সভায় উপস্থিত সদস্যদের তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে) রেজিষ্টারে সংরক্ষিত।

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে জরুরী সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সকলের অবগতির জন্য বলেন যে, ভৌগলিক কারণে বরিশাল জেলা এমন একটি অবস্থানে অবস্থিত যেখানে প্রাকৃতিক দুর্যোগ, ঘূর্ণিঝড়, বন্যা ও অতিবৃষ্টি ইত্যাদি বিদ্যমান। তিনি আরও বলেন যে, আবহাওয়া অধিদপ্তরের বিশেষ বিজ্ঞপ্তি ক্রঃ নং ০২(দুই), তারিখঃ ১১/০৫/২০২৩খ্রিঃ এ চট্রগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে ১(এক) (পুনঃ) ০১ (এক) নম্বর দুরবর্তী সতর্ক সংকেত প্রদান করা হয়েছে। সে লক্ষ্যে সকল ইউপি চেয়ারম্যানগনকে তাদের নিজ নিজ এলাকায় মাইকিংসহ প্রস্তুতিমূলক ব্যবস্থা গ্রহনের জন্য টেলিফোনের মাধ্যমে জরুরি সতর্কবার্তা জানানো হয়েছে। সে লক্ষে জরুরী ভিত্তিতে এ সভার আয়োজন করা হয়েছে। তিনি আরও বলেন যে দক্ষিন পূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন আন্দামান সাগর এলাকায় সৃষ্ট নিম্নচাপটি ক্রমে ঘনীভূত হয়ে উত্তর পশ্চিম দিকে এগিয়ে আসতে পারে। দুর্যোগ মোকাবেলায় জনগণকে সচেতন করা এবং সকল বিভাগের কর্মকান্ডগুলো দুর্যোগ মোকাবেলায় সন্নিবেশ করার জন্য সভাপতি সকলের দৃষ্টি আকর্ষণ করেন । আবহাওয়া অধিদপ্তরে বিজ্ঞপ্তি অনুযায়ী বরিশাল এলাকার জন্য পায়রা সমুদ্র বন্দরে ০১ নম্বর সতর্ক সংকেত জানানো হয়েছে।

উদ্ভূত দুর্যোগ মোকাবেলায় প্রস্তুতি গ্রহণের জন্য বাংলাদেশ সরকারের দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে জনগণের জীবন ও সম্পদের ক্ষয়ক্ষতি কমিয়ে দুর্যোগ পরিস্থিতি উন্নয়ন ও মোকাবেলায় জনগণের সার্বিক সহযোগিতার জন্য সরকারি, বেসরকারি ও স্বেচ্ছাসেবী সংস্থাকে আন্তরিকতার সহিত এগিয়ে আসার অনুরোধ জানানো হয়। উপজেলায় দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি সক্রিয় করণের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী আদেশাবলীর বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়। সম্ভাব্য দুর্যোগে জনগণের জানমাল ও নিরাপত্তা বিধানের লক্ষ্যে সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

১। সকল ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির জরুরী সভা আহবানের মাধ্যমে সকল প্রকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। প্রত্যেক ইউনিয়ন পরিষদ চেয়ারম্যনগণ তাদের কর্মপরিকল্পনা (Contingency Plan) প্রস্তুত করবেন এবং প্রতিবেদনাকারে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। উপজেলা কার্যালয়ে নিয়ন্ত্রণ কক্ষ খুলে তা চালু রেখে উপজেলা বন্যা নিয়ন্ত্রণ কক্ষের সাথে সার্বক্ষণিক যোগাযোগ পুর্বক আবহাওয়া বার্তা গ্রহণ ও পরিস্থিতির বিষয়ে সকলকে অবহিত ও সজাগ দৃষ্টি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এ কারণে উপজেলার নিয়ন্ত্রণ কক্ষের নম্বর ০১৭১৬৭৮৭১৭৫ এ যোগাযোগ রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

৩। উপজেলা পরিষদের সকল বিভাগীয় কর্মকর্তাদের সার্বক্ষণিক সতর্ক থাকার জন্য এবং স্ব স্ব বিভাগের সকল কর্মচারীগণকে প্রস্তুত রাখার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলার সকল বিভাগের যানবাহন/ মটর সাইকেল প্রস্তুত রাখার জন্য বিভাগীয় প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। প্রয়োজনে দুর্যোগকালীন নিচু আবাসিক এলাকা হতে আশ্রয়কেন্দ্রে আগত লোকজনদের জন্য শুকনা খাবার যেমন-চিড়া, মুড়ি, গুড়, দিয়াশলাই ও মোমবাতি, খাবার স্যালাইন ও বিশুদ্ধ পানি সরবরাহের ব্যবস্থাসহ অসহায় গরীবদের মধ্যে খাদ্যসহায়তা হিসেবে জি.আর চাউল এবং আর্থিক সহায়তা হিসেবে জিআর ক্যাশ বিতরণ করতে হবে। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার জেলা প্রশাসক মহোদয়ের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। উপজেলা নির্বাহী অফিসার অত্র উপজেলায় নির্মিত হ্যালিপ্যাড আপদকালীন ব্যবহার উপযোগী করে রাখার ব্যবস্থা গ্রহণ করবেন এবং ব্যাপক নজরদারির মাধ্যমে আশ্রয়কেন্দ্রগুলি তাৎক্ষণিকভাবে ব্যবহারের নিশ্চয়তা বিধানের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। আরও সিদ্ধান্ত গৃহীত হয় যে, পানি বৃদ্ধির পূর্বেই সকল নিচু এলাকা হতে লোকজন সরিয়ে নিরাপদ স্থানে অথবা আশ্রয়কেন্দ্রে নিতে হবে

৬। উপজেলা ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে ঘূর্ণিঝড়ের সময়ে আত্মরক্ষার্থে সচেতনতামূলক ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে স্থানীয়ভাবে সিপিপি, রেডক্রিসেন্ট ও এনজিওদের সহযোগিতা নিয়ে জরুরী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় । দুর্যোগকালীন পালনীয় বিষয়গুলো জনগণের কাছে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা ও ইউনিয়ন কমিটিকে অনুরোধ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

৭। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দুর্যোগকালীন তাদের সকল টীম প্রস্তুত এবং প্রয়োজনে অস্থায়ী সেনিটেশনের যাবতীয় ব্যবস্থা, বিশুদ্ধ পানি সরবরাহ ও পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট সরবরাহ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। পানি বৃদ্ধির ফলে রাস্তাঘাট এবং অন্যান্য প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকলে তা সংশিষ্ট দপ্তর কর্তৃক মেরামতের ব্যবস্থা , মৎস্য খামার এবং কৃষিজাত সম্পদ ও শাকসব্জির ক্ষতিসাধিত হলে সংশিষ্ট বিভাগীয় কর্মকর্তা তা সরেজমিনে পরিদর্শন পুর্বক প্রতিবেদন দাখিল করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।



CamScanner

০৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা দুর্যোগকালীন মেডিকেল টিম প্রস্তত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

১০। স্থানীয়ভাবে সরকারি, আধাসরকারি বা স্বেচ্ছাসেবী দল কর্তৃক প্রাকৃতিক দুর্যোগে/ বন্যায় ক্ষতিগ্রস্থ লোকদের জন্য তাৎক্ষণিক পরিস্থিতি মোকাবেলায় রান্না/ শুকনা খাবার ও ত্রাণসামগ্রী বিতরণের নিশ্চয়তা বিধান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

১১। উপজেলা প্রকৌশলী অত্যন্ত স্পর্শকাতর এলাকার নদীভাঙ্গন বা বাঁধ মেরামতের স্থান চিহ্নিত করে তা প্রতিরোধের ব্যবস্থা নিবেন এবং প্রয়োজনে জেলা প্রশাসনের সহায়তা গ্রহণ করা যাবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

১২। সকল মাছ ধরার ট্রলারসমূহকে গভীর সমুদ্রে না যাওয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীহ হয়।

১৩। উপজেলা তথ্য কেন্দ্রকে চলমান আবহাওয়া সংক্রান্ত বিপদ সংকেতটি এলাকায় সম্প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়।

১৪. উপজেলা নির্বাহী অফিসার উপজেলায় দুর্যোগ মোকাবেলার জন্য সম্ভাব্য দুর্যোগকালীন সময়ে সকল ট্যাগ অফিসারগনকে কর্মস্থল ত্যাগ না করার জন্য অনুরোধ করেন। জেলা প্রশাসনের তহবিল হতে টাকা বা চাউল তাৎক্ষণিকভাবে বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং দুর্যোগ মোকাবেলায় সর্বোচ্চ সতর্ক থাকার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

Fatima ১১.০৫.২৩

(ফাতিমা আজরিন তন্বী)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা দুর্যোগ সমন্বয় সাড়াদান কমিটি
বানারীপাড়া, বরিশাল।

স্মারক নং ৫১.০১.০৬১০.০০০.৯৭.০০১.২২.-১৬৭

তারিখ ঃ ১১/০৫/২০২৩খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-১২০, বরিশাল-২ ।
২। জেলা প্রশাসক, বরিশাল।
৩। উপজেলা নির্বাহী অফিসার, বানারীপাড়া, বরিশাল।
৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বরিশাল।
৫। অফিসার্স ইন-চার্জ, বানারীপাড়া থানা।
৬। উপজেলা .............................................কর্মকর্তা, বানারীপাড়া, বরিশাল।
৭। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ .................................(সকল)

(মোঃ মহসিন-উল-হাসান)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
ও
সদস্য-সচিব
উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
বানারীপাড়া, বরিশাল।



CamScanner